গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(জে, এম শাখা)
www.brahmanbaria.gov.bd

নং-০০.৪২.১২০০.০১৪.১৮(২).০১৪.২১- ৮৫৫

তারিখ: ০৫ আশ্বিন, ১৪২৮
২০ সেপ্টেম্বর, ২০২১

# বিজ্ঞপ্তি

এতদ্বারা ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল প্রকার বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক ইস্যুকৃত ও অন্য জেলা হতে এ জেলায় স্থানান্তরকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সের ২০২২ সনের নবায়ন কার্যক্রম নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক নির্ধারিত স্থানে সম্পন্ন করা হবে। উক্ত নবায়ন কার্যক্রম সম্পাদনের জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করা হলো। নির্ধারিত স্থানে যথাসময়ে আগ্নেয়াস্ত্র ও লাইসেন্সসহ উপস্থিত হয়ে স্ব-স্ব আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২। সরকার নির্ধারিত লাইসেন্স নবায়ন ফি এবং ১৫% ভ্যাট ট্রেজারী চালান ফরম নং-৬ এর মাধ্যমে যথাক্রমে কোড নং ১-২২১১-০০০০-১৮৫৯ (নবায়ন ফি) এবং ১-১১৩৩-০০৪০-০৩১১ (ভ্যাট) খাতে সোনালী ব্যাংকের যে কোন শাখায় নির্ধারিত তারিখের মধ্যে জমা করতঃ চালানের মূলকপি নবায়নের সময় নবায়নকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে এবং সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র প্রদর্শন করতে হবে। আগ্নেয়াস্ত্র থানায় জমা থাকলে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের সময় থানায় আগ্নেয়াস্ত্র জমার সংশ্লিষ্ট প্রমাণাদি প্রদর্শন করতে হবে। ট্রেজারী চালানে লাইসেন্সধারীর নাম, পিতার নাম, ঠিকানা, লাইসেন্স নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে। অসম্পূর্ণ চালান গ্রহণ করা হবে না।

## বাৎসরিক লাইসেন্স নবায়ন ফি ও ভ্যাটের হার নিম্নরূপ :

| লাইসেন্সধারীর ক্যাটাগরি | আগ্নেয়াস্ত্রের ধরণ | নবায়ন ফি | নবায়ন ফি'র উপর প্রদেয় ১৫% ভ্যাট |
|---|---|---|---|
| ব্যক্তি পর্যায়ে | পিস্তল/রিভলবার | ১০,০০০/- | ১৫০০/- |
| | বন্দুক/শর্টগান/রাইফেল | ৫,০০০/- | ৭৫০/- |
| আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে | লং ব্যারেল | ৫,০০০/- | ৭৫০/- |
| প্রতিষ্ঠান পর্যায়ে | লং ব্যারেল | ১০,০০০/- | ১৫০০/- |
| নবায়ন ফি ও ভ্যাট জমা দেয়ার কোড নম্বর | | ১-২২১১-০০০০-১৮৫৯ | ১-১১৩৩-০০৪০-০৩১১ |

৩। সনদপ্রাপ্ত (সরকারি গেজেটে বিজ্ঞাপিত) মুক্তিযোদ্ধা এবং জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত চাকুরীরত/অবসরপ্রাপ্ত সরকারি ক্যাডার সার্ভিস কর্মকর্তাদের ক্ষেত্রে লাইসেন্স নবায়ন ফি প্রযোজ্য হবে না।

## লাইসেন্স নবায়নের কর্মসূচি:

| ক্রঃ নং | উপজেলার নাম | নবায়নের স্থান | তারিখ | কর্মকর্তার নাম ও পদবী | প্রতিকল্প কর্মকর্তার নাম ও পদবী |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | আশুগঞ্জ | জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া | ০২-০৪, নভেম্বর ২০২১ | জনাব উম্মে ইমামা বানিন, সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব মো: আব্দুল্লাহ আল বাকী, সহকারী কমিশনার , ব্রাহ্মণবাড়িয়া |
| ০২ | আখাউড়া | | ১৪-১৬, নভেম্বর ২০২১ | জনাব সামিন সারোয়ার, সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব সাফফাত আরা সাঈদ সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৩ | নাসিরনগর | | ১৭-১৮, নভেম্বর ২০২১ | জনাব সাফফাত আরা সাঈদ সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব ফারজানা প্রিয়াংকা, সিনিয়র সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৪ | বিজয়নগর | | ২১-২৩, নভেম্বর ২০২১ | জনাব ফারজানা প্রিয়াংকা, সিনিয়র সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব রাজ কুমার বিশ্বাস সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৫ | সরাইল | | ২৪-২৫, নভেম্বর ২০২১ | জনাব রাজ কুমার বিশ্বাস সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব মোহাম্মদ সালেক মূহিদ সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৬ | কসবা | | ২৯-৩০, নভেম্বর ২০২১ | জনাব মোহাম্মদ সালেক মূহিদ, সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব প্রশান্ত বৈদ্য সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৭ | নবীনগর | | ০৫-০৭ ডিসেম্বর ২০২১ | জনাব প্রশান্ত বৈদ্য, সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। | জনাব সামিন সারোয়ার, সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৮ | বাঞ্ছারামপুর | | ১২-১৩, ডিসেম্বর ২০২১ | জনাব মো: আব্দুল্লাহ আল বাকী, সহকারী কমিশনার , ব্রাহ্মণবাড়িয়া | জনাব উম্মে ইমামা বানিন সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৯ | ব্রাহ্মণবাড়িয়া সদর | | ১৫-৩০, ডিসেম্বর ২০২১ | ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী কমিশনার, জে, এম শাখা। | -- |

৪। নির্ধারিত সময়ের মধ্যে কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী তার লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া'র জে, এম শাখায় লাইসেন্স নবায়ন করতে পারবেন।

স্বাক্ষরিত/-
(হায়াত-উদ-দৌলা খাঁন)
জেলা ম্যাজিস্ট্রেট
ব্রাহ্মণবাড়িয়া
ফোন : ০৮৫১-৫৭৭১২
E-mail : dcbrahmanbaria @ mopa.gov.bd

নং-০০.৪২.১২০০.০১৪.১৮(২).০১৪.২১- ৮৫৫

তারিখ: ০৫ আশ্বিন, ১৪২৮
২০ সেপ্টেম্বর, ২০২১

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট(সকল), .......................................... ।

০৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ব্রাহ্মণবাড়িয়া। কোন লাইসেন্স নবায়নে আপত্তি থাকলে নবায়নের নির্ধারিত তারিখের পূর্বে সে সম্পর্কে প্রতিবেদন প্রেরণসহ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। উপজেলা নির্বাহী অফিসার(সকল),........................, ব্রাহ্মণবাড়িয়া। বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলায় সকল ইউনিয়নে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সহকারী কমিশনার, জে,এম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

০৭। জনাব ......................................................, সহকারী কমিশনার, ব্রাহ্মণবাড়িয়া । নির্ধারিত উপজেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন সংক্রান্ত রেজিস্টার বর্ণিত তারিখের পূর্বে এ কার্যালয়ের জে, এম শাখা হতে গ্রহণের জন্য অনুরোধ করা হলো। লাইসেন্স নবায়নের সময় শেষ হওয়ার পরবর্তী তারিখের বেলা ১২.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে গৃহীত লাইসেন্স রেজিস্টার ও ট্রেজারী চালানের মূলকপিসহ নবায়নকৃত লাইসেন্সসমূহের তালিকা জে, এম শাখায় প্রেরণ করতে হবে।

০৮। অফিসার ইন-চার্জ(সকল),.................থানা, ব্রাহ্মণবাড়িয়া। তার থানা এলাকাধীন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে অবহিত করানোসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। জেলা তথ্য অফিসার, ব্রাহ্মণবাড়িয়া। তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। সম্পাদক,..........................................................................................., ব্রাহ্মণবাড়িয়া। উল্লিখিত বিজ্ঞপ্তিটি ০১ দিনের জন্য তার পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো [ বিজ্ঞাপন হিসেবে নয়]।

১১। নোটিশ বোর্ড।

২০/০৯/২০২১

জেলা ম্যাজিস্ট্রেট
ব্রাহ্মণবাড়িয়া।